

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।


তারিখ: ০৮/০৭/২০২১খ্রি:।

স্মারক নং-উপ:স্বাস্থ্য/বালিয়া/ঠাক/২০১৭- ২৭

### নোটিশ

এতদ্বারা উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভা আগামী ০৮/০৭/২০২১খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে সকলকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।



উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও

সদস্য সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি  
বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৩। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৪। চেয়ারম্যান, পাড়িয়া/খনতলা/ভানোর/বড়বাড়ী ইউপি, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৫। অফিস নথি।

# পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী


সভাপতি : জনাব আলোয়া পারভীন  
 মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।  
 স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।  
 তারিখ : ০৮/০৭/২০২১খ্রিঃ।  
 সময় : বিকাল ২.০০ ঘটিকা  
 উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট ক,

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	<p>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে ইউনিয়ন পর্যায়ে সংগঠনের প্রশিক্ষণ প্রয়োজন। তিনি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় দক্ষতা উন্নয়নের লক্ষে সমিতির সদস্যগুলোর মাঝে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের জন্য উপ-প্রকল্প জমা দেয়ার জন্য প্রস্তাব করেন।</p> <p>চেয়ারম্যান, ১নং পাড়িয়া সভায় বলেন যে, ৮টি ইউনিয়ন হতে তালিকা করে সে হারে বাস্তবায়ন করা প্রয়োজন।</p> <p>এ প্রসঙ্গে বলেন যে, উক্ত প্রকল্পের প্রাক্কলন (ভ্যাট, ট্যাক্স সহ) অবশ্যই ১ লক্ষ টাকা বা তার বেশি, ২ লক্ষ টাকার বেশি হবে না। তাছাড়া উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্তৃক প্রদত্ত ফরমেট/ছক মোতাবেক প্রকল্প প্রস্তাবনা দাখিল করার পরামর্শ দেন। তিনি আরো বলেন যে, যেহেতু উক্ত প্রকল্পের মাধ্যমে উপকারভোগীদের সক্ষমতা উন্নয়ন করা হবে। তাই এমন প্রকল্প গ্রহন করতে হবে যাতে করে এই প্রকল্প দ্বারা জনগণের উপকার হয় এবং উন্নয়ন টেকসই হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে।</p>	<p>সভায় উক্ত প্রকল্পটি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়, আলোচনান্তে উপজেলা উন্নয়ন প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থাপনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কে বলা হলো। প্রকল্প প্রস্তাবনা তৈরী করার জন্য সকলেই প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।</p>	<p>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বালিয়াডাংগী।</p>
০২	<p>বিবিধ: সভাপতি সাহেব বলেন যে, প্রকল্প প্রস্তাবনা দাখিলের সময় যেহেতু কম। তাই সঠিক ও নিভুলভাবে প্রকল্প প্রস্তুত করতে হবে।</p>		

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ: ৮/৭/২০২১খ্রিঃ

  
 (আলোয়া পারভীন)  
 মহিলা ভাইস চেয়ারম্যান  
 উপজেলা পরিষদ  
 ও  
 সভাপতি  
 পল্লী ও উন্নয়ন সমবায় বিষয়ক কমিটি  
 বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
বালিয়াডাংগী, ঠাকুরগাও।

তারিখ: ০৮/০৭/২০১৭খ্রি:।

স্মারক নং-উপ:স্বাস্থ্য/বালিয়া/ঠাক/২০১৭-৫০

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাংগী, ঠাকুরগাও।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাও।
- ৩। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাও।
- ৪। চেয়ারম্যান, পাড়িয়া/খনতলা/ভানোর/বড়বাড়ী ইউপি, বালিয়াডাংগী, ঠাকুরগাও।
- ৫। অফিস নথি।

  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও  
সদস্য সচিব  
পল্লী উন্নয়ন বিষয়ক কমিটি  
বালিয়াডাংগী, ঠাকুরগাও।